

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮  
ওয়েব সাইট: www.berc.org.bd।

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২(১)/সবি/৬৪-১৬

তারিখঃ ৩১ জুলাই ২০১৭


### প্রেস রিলিজ

মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ এর পরিপ্রেক্ষিতে ৩০ জুলাই ২০১৭ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী কমিশন কর্তৃক ভোক্তাপর্যায় গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ করে ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এর আংশিক সংশোধনপূর্বক গৃহস্থালী গ্রাহকের জন্য মিটারভিত্তিক ৯.১০ টাকা/ঘনমিটার, সিঙ্গেল বার্নার প্রতি মাসে ৭৫০.০০ টাকা এবং ডাবল বার্নার প্রতি মাসে ৮০০.০০ টাকা ১ আগস্ট ২০১৭ তারিখ হতে কার্যকর করা হয়েছে।

মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ১ জুন ২০১৭ তারিখ হতে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার কার্যকরের ফলে জুন-জুলাই ২০১৭ মাসে গৃহস্থালী গ্রাহকশ্রেণিতে আদায়কৃত অর্থ গ্রাহকদেরকে ফেরত প্রদান করতে হবে না।

কমিশন কর্তৃক ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ভোক্তাপর্যায় গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণ করে জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/অংশ-১/০৭৮৫ এ বর্ণিত বিদ্যুৎ, ক্যাপটিভ পাওয়ার, সার, শিল্প, চা বাগান, বাণিজ্যিক এবং সিএনজি গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ১ জুন ২০১৭ থেকে কার্যকর মূল্যহার এবং শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে

  
মুহঃ মাসুদুল করিম  
সচিব  
ফোনঃ ৯১৪ ০১২৫